# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 21-02-2026 Time: 7.35 AM**

---

## বিশেষ বিশেষ খবরঃ–

১/ নির্বাচনী আবহে রাজনৈতিক নেতাদের আপত্তিকর মন্তব্য নিয়ে রাজ্য পুলিশের মহানির্দেশক উদ্যোগী না হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে সতর্ক করেছে সুপ্রিম কোর্ট।

২/ এস আই আর-এর কাজে তথ্যগত অসঙ্গতি বা লজিকাল ডিসক্রিপেন্সির ঘটনা কলকাতা হাইকোর্ট নিযুক্ত আধিকারিকরা নিষ্পত্তি করবে বলে শীর্ষ আদালত নির্দেশ দিয়েছে।

#আজই এ-নিয়ে হাইকোর্টের প্রধান বিচারপতি, রাজ্যের মুখ্যসচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্যের অ্যাডভোকেট জেনারেল এবং অ্যাডিশনাল সলিসিটর জেনারেলের বৈঠকে বসার কথা।

৩/ জাতীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাংক নাবার্ড ২০২৬-২৭ অর্থবর্ষে কৃষি, এম এস এম ই সহ বিভিন্ন ক্ষেত্রে রাজ্যকে প্রায় চার লক্ষ কোটি টাকা ঋণদানের লক্ষ্যমাত্রা নিয়েছে।

৪/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন কি বাত-এর ১৩১ তম পর্বে দেশ-বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন।

৫/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ যথোচিত মর্যাদায় পালিত হচ্ছে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

oooooooooooooooooooooooooooo

নির্বাচনী আবহে রাজ্যের হিংসা এবং রাজনৈতিক হস্তক্ষেপ নিয়েও রাজ্য পুলিশের মহানির্দেশককে সতর্ক করেছে সুপ্রিম কোর্ট। রাজনৈতিক নেতাদের আপত্তিকর মন্তব্য

নিয়ে রাজ্য পুলিশের ডি জি যদি উদ্যোগী না হন তাহলে পরবর্তীতে কঠোর পদক্ষেপ নেওয়া হবে বলে জানিয়েছে শীর্ষ আদালত। পরবর্তী শুনানিতে ডি জিকে জানাতে হবে তাঁর কাছে জমা পড়া অভিযোগের প্রেক্ষিতে কী ব্যবস্থা নেওয়া হয়েছে। মার্চ মাসে ফের শুনানি হবে এই মামলার।

oooooooooooooooooooooooooooo

রাজ্যের ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন এস আই আর-এর কাজে তথ্যগত অসঙ্গতি বা লজিকাল ডিসক্রিপেন্সির ঘটনা কলকাতা হাইকোর্ট নিযুক্ত আধিকারিকরা নিষ্পত্তি করবেন বলে সুপ্রিম কোর্টে জানিয়েছে। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি বিপুল এম পাঞ্চোলির বেঞ্চ পশ্চিমবঙ্গে SIR-এর বিরোধিতা করে নির্বাচন কমিশন এবং রাজ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে দায়ের করা মামলায় গতকাল এই নজিরবিহীন রায় দিয়েছেন। প্রাক্তন এবং কর্মরত জেলা বিচারক বা অতিরিক্ত জেলা বিচারক স্তরের আধিকারিকদের এজন্য নিয়োগ করা যেতে পারে। বিচারবিভাগীয় ওই আধিকারিকদের সহায়তা করবেন নির্বাচন কমিশন এবং রাজ্য সরকারের আধিকারিকেরা। তাঁদের নির্দেশই সুপ্রিম কোর্টের নির্দেশ বলে গণ্য করা হবে।

এ-নিয়ে হাইকোর্টের প্রধান বিচারপতির সঙ্গে আজকের মধ্যে বৈঠকে বসতে রাজ্যের মুখ্য সচিব, পুলিশের মহানির্দেশক, নির্বাচন কমিশনের একজন আধিকারিক, রাজ্যের অ্যাডভোকেট জেনারেল ও অ্যাডিশনাল সলিসিটর জেনারেলকে নির্দেশ দেওয়া হয়েছে। কোনো সমস্যার সৃষ্টি হলে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকেও তা জানানোর নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। সেই নির্দেশ মেনে জুডিশিয়াল অফিসার নিয়োগের বিষয়ে হাইকোর্টের প্রধান বিচারপতি, রাজ্যের মুখ্যসচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্যের অ্যাডভোকেট জেনারেল এবং অ্যাডিশনাল সলিসিটর জেনারেল আজ দুপুর আড়াইটে নাগাদ বৈঠকে বসতে চলেছেন।

গতকাল শুনানিতে রাজ্য এবং নির্বাচন কমিশন দু'পক্ষই পারস্পরিক দোষারোপ ও অসহযোগিতার অভিযোগ তোলে।

oooooooooooooooooooooooooo

এস আই আরের অধীনে এযাবৎ যতটুকু কাজ হয়েছে তার ওপর ভিত্তি করে আগামী ২৮ শে ফেব্রুয়ারী চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করতে হবে বলেও জানিয়েছে সুপ্রিম কোর্ট। বাকি থাকা কাজের নিরীখে পরবর্তী সময়ে অতিরিক্ত তালিকা প্রকাশ করবে কমিশন।

এদিকে সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, তারা চান যত দ্রুত সম্ভব যাচাই প্রক্রিয়া শেষ হোক। এজন্য যদি প্রতি ভুলের ক্ষেত্রে একজন করে বিচারবিভাগীয় আধিকারিককে যাচাইয়ের কাজে নিযুক্ত করা হয়, তাতেও তাঁদের কোনো আপত্তি নেই। আজকের বৈঠকে এই দৃষ্টিভঙ্গীর কথা তুলে ধরা হবে বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতিতে ই ভি এম ও ভি ভিপ্যাটের নিরাপত্তা, সংরক্ষণ ব্যবস্থা, আইনশৃঙ্খলা পরিস্থিতি, সংবেদনশীল বুথ চিহ্নিতকরণ — প্রতিটি বিষয়েই জেলা ভিত্তিক অগ্রগতি খতিয়ে দেখতে জেলা শাসকেরা এখনও পর্যন্ত কী ধরনের প্রস্তুতি নিয়েছেন, কোথায় কী ঘাটতি রয়েছে এবং তা পূরণে কী পদক্ষেপ নেওয়া হচ্ছে, সে বিষয়ে স্পষ্ট ও লিখিত রিপোর্ট আজকের মধ্যে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এর আগে, গত **১৯**শে ফেব্রুয়ারি রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের সঙ্গে সব জেলা নির্বাচন আধিকারিক, সংশ্লিষ্ট নির্বাচনী আধিকারিক ও দপ্তরের শীর্ষ কর্তাদের বৈঠকে এ-কথা জানানো হয়।

oooooooooooooooooooooooooo

বিজেপি ফের রাজ্যে ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রকাশের দাবি জানিয়েছে। কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের প্রাক্তন রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিন পিছিয়ে যাবে কি না তা নির্বাচন কমিশন সিদ্ধান্ত নেবে। তবে ভোটার তালিকায় যাতে কোনও বাংলাদেশী ও অনুপ্রবেশকারীর নাম না থাকে এবং জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সব ভারতীয়র নাম যাতে অন্তর্ভুক্ত হয় তা সুনিশ্চিত করতে হবে।

অন্যদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, মৃত, ভুয়ো, একই ব্যক্তির অধিক জায়গায় নাম এবং বাংলাদেশী অনুপ্রবেশকারীদের নাম ভোটার তালিকায় রাখা যাবে না এটা রাজ্য তথা দেশের প্রত্যেক মানুষের দাবি।

(বাইট – শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সরকার চলতি বছরের পয়লা এপ্রিল থেকে দেশজুড়ে সমস্ত জাতীয় মহাসড়ক টোল প্লাজায় নগদ অর্থ প্রদান বন্ধ করে পুরোপুরি ডিজিটাল পরিকাঠামো নিয়ে আসার প্রস্তাব করেছে। একটি সম্পূর্ণ ডিজিটাল টোলিং পরিমণ্ডল তৈরি করাই এই পদক্ষেপের লক্ষ্য বলে জানা গেছে।

ভারতের জাতীয় মহাসড়ক কর্তৃপক্ষ - NHAI জানিয়েছে, এবার থেকে সমস্ত টোল পেমেন্ট কেবলমাত্র FASTag এবং ইউনিফাইড পেমেন্ট ইন্টারফেস UPI-এর মতো ডিজিটাল পদ্ধতির মাধ্যমে করতে হবে। প্রস্তাবিত পরিবর্তনে যাতায়াত সুগম হবে, টোল প্লাজায় যানজট কমবে এবং টোল লেনদেনে আরও স্বচ্ছতা আসবে বলে মনে করা হচ্ছে। পরিবর্তন কার্যকর হলে জাতীয় মহাসড়ক এবং এক্সপ্রেসওয়েতে ১ হাজার ১ শো ৫০টিরও বেশি টোল প্লাজায় পরিবহণ ব্যবস্থাপনা উন্নত হবে বলে আশা করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাংক বা নাবার্ড ২০২৬-২৭ অর্থবর্ষে কৃষি ক্ষেত্রে ১ লক্ষ ৩৭ হাজার কোটি টাকা ঋণদানের লক্ষ্যমাত্রা নিয়েছে। কলকাতায় গতকাল নাবার্ডের স্টেট ক্রেডিট সেমিনারে সংগঠনের চিফ জেনারেল ম্যানেজার পি কে ভরদ্বাজ জানিয়েছেন, বিগত অর্থবর্ষে এই লক্ষ্যমাত্রা ছিল ১ লক্ষ ১৫ হাজার কোটি টাকা। পাশাপাশি এম এস এম ই ক্ষেত্রে ২ লক্ষ ৭ হাজার কোটি টাকা ঋণদানের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। শ্রী ভরদ্বাজ আরও জানান, কৃষি, এম এস এম ই সহ বিভিন্ন ক্ষেত্রে প্রায় ৩ লক্ষ ৯৯ হাজার ১২৭ কোটি টাকা ঋণদানের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে, যা বিগত অর্থ বর্ষের তুলনায় ৫% বেশি। এছাড়া, আবাসন, শিক্ষা, সামাজিক পরিকাঠামো, রপ্তানি ঋণ, পুনর্নবীকরণযোগ্য শক্তি সহ অন্যান্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রের জন্য ৫৩ হাজার ৭২৪ কোটি টাকা ঋণ বরাদ্দ করা হয়েছে। অনুষ্ঠানে রাজ্যের অর্থ দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিব প্রভাত কুমার মিশ্র নাবার্ডের ২০২৬-২৭ অর্থবর্ষের স্টেট ফোকাস পেপার উদ্বোধন করেন। তিনি তাঁর বক্তব্যে নাবার্ডের সঙ্গে রাজ্য সরকার ও অন্যান্য অংশীদারদের সমন্বয় রেখে কাজ করার প্রয়োজনীয়তার ওপর জোর দেন। পাশাপাশি উপভোক্তাদের ঋণদান সুনিশ্চিত করা ও ধারাবাহিক সহায়তার ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি ২০২৬–২৭ অর্থবছরের জন্য রাজ্যে ঋণের লক্ষ্যমাত্রা নির্ধারণে নাবার্ডের প্রচেষ্টার প্রশংসা করেন এবং রাজ্যের উন্নয়নে নাবার্ডের অবদানের স্বীকৃতি দেন। শ্রী মিশ্র রাজ্যে কৃষি, মৎস্য সহ বিভিন্ন ক্ষেত্রে বিপুল সম্ভাবনার কথাও উল্লেখ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী এবার পুলিশ বিভাগেও অতিরিক্ত পদ সৃষ্টি করল রাজ্য সরকার। গতকাল সচিবালয় ও বিভিন্ন স্টেট কনস্টিটিউটেড সার্ভিসে পদ বৃদ্ধির বিজ্ঞপ্তির পর স্বরাষ্ট্র দপ্তরের তরফে গতকাল পুলিশে পদ বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি হয়। পশ্চিমবঙ্গ পুলিশে অতিরিক্ত ৫০টি অ্যাডিশনাল সুপারিন্টেনডেন্ট অব পুলিশ পদ সৃষ্টি করা হয়েছে। অর্থ দপ্তরের অনুমোদন ও মন্ত্রিসভার সিলমোহরের পর এই সিদ্ধান্ত কার্যকর হয়েছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে।

এছাড়া পৃথক বিজ্ঞপ্তিতে ৩২টি বর্তমান নন-ক্যাডার সুপারিন্টেনডেন্ট অব পুলিশ পদ পশ্চিমবঙ্গ পুলিশ সার্ভিসের আধিকারিকদের জন্য সংরক্ষিত করার কথা ঘোষণা করা হয়ছে। সুপারিন্টেনডেন্ট অব পুলিশ পদে নিয়োগ সংক্রান্ত নিয়মে সংশোধন আনা হয়েছে। সেখানে 'মেথড অব রিক্রুটমেন্ট'-এ সর্বোচ্চ ৬০ শতাংশের পরিবর্তে ৬৬ দশমিক ৬/৬ শতাংশ পর্যন্ত নিয়োগের সীমা বাড়ানো হয়েছে।

oooooooooooooooooooooooooooo

রাজ্যের শিক্ষক ও শিক্ষাকর্মীদের অবসরের বয়স ৬২ করার দাবিতে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে চিঠি দিয়েছে বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি। সংগঠনের সদস্যদের বক্তব্য, নিয়মিত নিয়োগ না হওয়ায় রাজ্যের বহু স্কুলে শিক্ষকের অভাবে পঠনপাঠন ব্যাহত হচ্ছে এবং অভিভাবকরাও সরকারি শিক্ষা ব্যবস্থার প্রতি আস্থা হারাচ্ছেন। সেই কারণেই শিক্ষক ও শিক্ষাকর্মীদের অবসরের বয়স ৬০ থেকে বাড়িয়ে ৬২ করার দাবি জানিয়েছে এই সংগঠন। সংগঠনের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল আরও জানিয়েছেন, বাধ্যতামূলক টেট নিয়ে কেন্দ্রীয় সরকারের অবস্থানের ফলে আশঙ্কার মধ্যে রয়েছেন রাজ্যের প্রায় এক লাখ প্রাথমিক শিক্ষক। এ-ব্যাপারেও রাজ্য সরকারকে নিজেদের অবস্থান স্পষ্ট করার দাবি জানিয়েছেন তিনি।

oooooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube

channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে যথোচিত মর্যাদায় আজ পালিত হবে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি পূর্ব পাকিস্তানে অধুনা বাংলাদেশে উর্দু ভাষা চাপিয়ে দেওয়ার প্রতিবাদে ও বাংলা ভাষাকে প্রতিষ্ঠার দাবিতে ঢাকা শহরে ছাত্রদের প্রবল আন্দোলন চলাকালীন পুলিশের গুলিতে শহীদ হন ছাত্র রফিক উদ্দিন আহমেদ, আবুল বরকত, মোহাম্মদ সালাউদ্দিন সহ বেশ কয়েকজন ছাত্র পুলিশের গুলিতে প্রাণ হারান। ভাষা আন্দোলনের সেই শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে রাষ্ট্রসঙ্ঘের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রতিবছর একুশে ফেব্রুয়ারি পালিত হয় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

(একটি প্রতিবেদন - ভি সি অভিজিৎ)

রাজ্য সরকারের তরফ থেকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। ময়দানে বিড়লা তারামণ্ডলের বিপরীতে ভাষা উদ্যানে ভাষা শহীদ স্মারকে পুষ্পার্ঘ নিবেদন করে শ্রদ্ধা জানাবেন রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম সহ বিশিষ্ট জনেরা। এছাড়া বিভিন্ন শিক্ষা সংগঠন সহ নানা সংগঠন আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আই এস এল ফুটবলে আজ ইস্টবেঙ্গল, স্পোর্টিং দিল্লির বিরুদ্ধে খেলবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল আইএসএল ফুটবলে মহামেডান স্পোর্টিং ০-২ গোলে এফ সি গোয়ার কাছে পরাজিত হয়েছে। গোয়ার পক্ষে পোল মোরোনা ও দ্রেজান ড্রাজিক গোল করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০